গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
**www.lawjusticediv.gov.bd**

নম্বর: ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.১৮.৮৩৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২০২৩ সনের ডিসেম্বর মাসে দেওয়ানি আদালত অবকাশকালে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত বিচারকগণ-কে তাঁদের নামের পাশে উল্লিখিত জেলায় (জেলা ও দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিশেষ জজ আদালত, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, সাইবার ট্রাইব্যুনাল এবং মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালসহ) জরুরি দেওয়ানি ও ফৌজদারি মামলা গ্রহণ এবং তা হতে উদ্ভূত জরুরি বিষয়সমূহ শুনানি ও নিষ্পত্তি করার জন্য ভ্যাকেশন জজ নিয়োগ করা হলো:

| ক্রমিক | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | অধিক্ষেত্র জেলা |
|---|---|---|
| ১. | জনাব শেখ মফিজুর রহমান<br>জেলা ও দায়রা জজ, রাজশাহী | রাজশাহী জেলা<br>(মহানগর এলাকা ব্যতীত) |
| ২. | জনাব আবদুর রহমান সরদার<br>জেলা ও দায়রা জজ, মেহেরপুর | মেহেরপুর জেলা |
| ৩. | জনাব অম্লান কুসুম জিষ্ণু<br>জেলা ও দায়রা জজ, নাটোর | নাটোর জেলা |
| ৪. | জনাব অনুপ কুমার<br>জেলা ও দায়রা জজ, শরীয়তপুর | শরীয়তপুর জেলা |
| ৫. | জনাব মোহাম্মদ ওয়ালিউল ইসলাম<br>জেলা ও দায়রা জজ, ঝালকাঠি | পিরোজপুর জেলা<br>(অতিরিক্ত দায়িত্ব) |
| ৬. | জনাব মোঃ জামাল হোসেন<br>বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও জেলা |
| ৭. | জনাব আহমেদ শাহরিয়ার তারিক<br>অতিরিক্ত জেলা ও দায়রা জজ, দিনাজপুর | দিনাজপুর জেলা |

২। উল্লিখিত বিচারকগণকে উক্ত অবকাশকালে ফৌজদারি কার্যবিধির ৪৩৫ ধারার অধীন পুনর্বিবেচনার দরখাস্ত ব্যতীত সকল ফৌজদারি দরখাস্ত ও মামলা গ্রহণ এবং নিষ্পত্তি করার জন্য ফৌজদারি কার্যবিধির ১৯৩ (২) ধারার অধীন ক্ষমতা প্রদানসহ তাঁদেরকে উক্ত অবকাশকালে তাঁদের নামের পাশে বর্ণিত জেলা সমূহের সদর দপ্তরে আসন গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। বর্ণিত বিচারকগণকে অবকাশকালে The Civil Courts Act 1887 (Act No.XII of 1887) এর ধারা ১৪ ও ৩৬ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার অধিক্ষেত্রের জেলা সদরে আসন গ্রহণ করে জরুরি দেওয়ানি মামলা গ্রহণ ও তা হতে উদ্ভূত জরুরি বিষয়ে শুনানি ও নিষ্পত্তি করার ক্ষমতা এবং শিশু আইন, ২০১৩ এর আওতায় গঠিত শিশু আদালতের কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা প্রদান করা হলো।

৪। ভ্যাকেশন ডিউটিতে কর্মরত বিচারকগণ, দ্রুত বিচার ট্রাইব্যুনালে কর্মরত বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনালে কর্মরত বিচারক ব্যতীত অপরাপর জেলা ও দায়রা জজ, বিশেষ জজ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক, সাইবার ট্রাইব্যুনালের বিচারক, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক, সিনিয়র সহকারী জজ এবং সহকারী জজগণ-কে দেওয়ানি আদালত অবকাশকালীন ছুটিভোগের অনুমতি প্রদান করা হলো।

৫। ভ্যাকেশন ডিউটিতে কর্মরত বিচারকগণ সরকারি গাড়ি ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/১১/২৩

**(মোহাম্মদ ওসমান হায়দার)**
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৫৫১০০৮৮৬

নম্বর: ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.১৮.৮৩৭ তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ
(প্রশাসনিক কারণে প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাকেশন ডিউটিতে নিয়োজিত বিচারককে জেলা ও দায়রা জজের টেলিফোন ও অফিস চেম্বার ব্যবহারের সুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজকে অনুরোধ করা হলো)।
৩। জনাব.............................................................জেলা ও দায়রা জজ/অতিরিক্ত জেলা ও দায়রা জজ,
৪। বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ (জেলা ও দায়রা জজ),
৫। বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,
৬। বিচারক (জেলা ও দায়রা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,
৭। বিচারক (জেলা ও দায়রা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,
৮। বিচারক (জেলা ও দায়রা জজ), সাইবার ট্রাইব্যুনাল,
৯। বিচারক ( জেলা ও দায়রা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,
১০। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল,
১১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
১২। জেলা প্রশাসক,
১৩। পুলিশ সুপার,
১৪। মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। সচিব-এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
১৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি,
১৯। জিপি/পিপি (সকল),
২০। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
২২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**(মোর্শেদ আল মামুন ভুঁইয়া)**
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৫৬৬৩১